

# ধানের খোলপোড়া রোগ দমনে কৃষকের করণীয়

খোলপোড়া আমন মওসুমে ধানের অন্যতম প্রধান রোগ। সঠিক সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা না নিলে এ রোগ ধানের ফলনের ব্যাপক ক্ষতি করতে পারে।

- প্রাথমিক অবস্থায় ধানগাছের গোড়ার দিকে পাতার খোলে পানি ভেজা দাগ পড়ে। দাগগুলো আকারে বৃদ্ধি পেয়ে একে অপরের সাথে মিশে যায়। দাগগুলোর মাঝখানে সাদা বা ছাই রং হয় যা বাদামি রেখা দ্বারা সীমাবদ্ধ থাকে।
- অনেকগুলো দাগ পাশাপাশি থাকলে দেখতে গোখরা সাপের চামড়ার মত দেখা যায়। রোগটি গাছের পাতায়ও একই রকম লক্ষণ সৃষ্টি করে।

ভূঁপসা আবহাওয়ায় (অধিক তাপমাত্রা ও আর্দ্রতা) এ রোগের প্রকোপ বেশি হয়। বেশি পরিমাণ ইউরিয়া সার ব্যবহার করলে রোগটির তীব্রতা বাড়ে। এছাড়াও জলাবদ্ধ জমিতে খোলপোড়া রোগের প্রাদুর্ভাব বেশি হয়।

## রোগ দমনে করণীয়-


- পটাশ সার সমান দু'কিস্তিতে ভাগ করে এক ভাগ জমি তৈরির শেষ চাষে এবং অন্য ভাগ শেষ কিস্তি ইউরিয়া সারের সঙ্গে মিশিয়ে প্রয়োগ করতে হবে।
- পর্যায়ক্রমে ভেজা ও শুকনা পদ্ধতিতে (AWD) সেচ ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
- জমি তৈরীর সময় ভাসমান খড়কুট পরিষ্কার করতে হবে।
- রোগ দমনে ফলিকুর (৬৬ মিলি/বিঘা), নেটিভো (৩৩ গ্রাম/বিঘা), স্কার (৬৬ মিলি/বিঘা) ইত্যাদি ছত্রাকনাশক ৬৬ লিটার পানিতে মিশিয়ে যথাযথ ভাবে প্রয়োগ করতে হবে।
- রোগের আক্রমণ গাছের উচ্চতার শতকরা ৩০ ভাগের নিচে থাকলে ছত্রাকনাশক প্রয়োগ করার প্রয়োজন নেই।
- এ বিষয়ে আরো তথ্য জানতে ব্রি ওয়েবসাইটে [www.knowledgebank-brri.org](http://www.knowledgebank-brri.org) ভিজিট করণ এবং স্থানীয় কৃষি অফিসে যোগাযোগ করণ।



চিত্র. খোলপোড়া রোগের লক্ষণ



উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর-১৭০১

  
ড. মোঃ আব্দুল লতিফ  
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান  
উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ  
ব্রি, গাজীপুর-১৭০১।